কুষ্টিয়ায় বেশি দামে ডিম বিক্রির অপরাধে জরিমানা

কুষ্টিয়ার মিরপুরে বেশি দামে ডিম বিক্রির অপরাধে দুই পোল্ট্রি ফার্মকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। আজ রবিবার (৬ অক্টোবর) দুপুরে কুষ্টিয়ার মিরপুর উপজেলার ছাতিয়ান ইউনিয়নের ছাতিয়ান এলাকায় এ অভিযান চালানো হয়।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মণ্ডল।

এ সময় তিনি জানান, সরকার নির্ধারিত মূল্যের চেয়ে বেশি দামে ডিম বিক্রির দায়ে মিরপুর উপজেলার ছাতিয়ান ইউনিয়নের ছাতিয়ান এলাকার অমি পোল্ট্রি ফার্মকে ৭ হাজার ও সাইফুল পোল্ট্রি ফার্মকে ৮ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া অন্যান্য পোল্ট্রি ফার্ম মালিকদের সতর্ক করা হয়েছে। জনস্বার্থে এ ধরনে অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

এ সময় মিরপুর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর সেলিনা আক্তার, উপ-সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা আব্দুস সবুর বিশ্বাসসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

সুপ্রীম কোর্ট আপীল বিভাগের আইনজীবী হিসাবে তালিকাভুক্ত হলেন মনিরুজ্জামান

ঝিনাইদহের কৃতি সন্তান মনিরুজ্জামান লিংকন বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের আইনজীবী হিসাবে তালিকাভুক্ত হয়েছেন।

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে আইন বিভাগে অনার্সসহ মাস্টার্স ডিগ্রী শেষে স্থানীয় বারে ২০০২ সালে আইনপেশা শুরু করেন।

পরবর্তীতে ২০১৩ সালে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে আইনজীবী হিসাবে আইন পেশায় যুক্ত হন।

হাইকোর্টের আইনজীবী হিসাবে তিনি জনগুরুত্বপুর্ন একাধিক মামলা পরিচালনা করেন। বেবি ফুড, পিএইচডি জালিয়াতি, পথ শিশু পুর্নবাসনসহ একাধিক মামলা তিনি সফলভাবে পরিচালনা করেছেন। তিনি মানবাধিকার ও গুম বিষয়ক বিসিন সপ ও সেমিনারে অংশ গ্রহন করে পুরস্কৃত হয়েছেন। সম্প্রতি তিনি সর্বোচ্চবিচারালয় বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের আইনজীবী হিসাবে তালিকাভুক্ত হয়েছেন। তার এ অর্জনে বিভিন্ন শ্রেণীপেশার মানুষ অভিনন্দন জানিয়েছেন। তিনি সকলের কাছে দোয়া কামনা করেছেন।

দর্শনায় ১৬টি পূজা মন্ডপের নিরাপত্তা বিষয়ে ওসির বৈঠক

দর্শনা থানার এলাকার ১৬টি পূজা মন্ডপের পূজা উদযাপন কমিটির সভাপতি ও মুন্দির কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকদের সাথে পূজা মন্ডপের নিরাপত্তা নিয়ে বৈঠক করেছেন দর্শনা থানা অফিসার্স বিপ্লব কুমার সাহা।

গতকাল ১৬টি পূজা মন্ডপের পূজা উদযাপন কমিটির সভাপতি ও মুন্দির কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকদের এ সুস্থ্য ও শান্তিপূর্ণ এবং নিরাপত্তার যাতে পূজা উদ্যাপন করতে পারে এবিষয় নিয়ে। এ বৈঠকে পূজা মন্ডপগুলো নিরাপত্তা দিয়ে বেশ কিছু পদক্ষেপ নেন। আগামী ০৯ অক্টোবর থেকে ১৩ অক্টোবর সারদীয় দূর্গা উৎসব উদ্যাপন পর্যন্ত বিভিন্ন পদক্ষেপে যেমন রাতে পাহারার ব্যবস্থা করা,ঝুকি পূর্ন রাস্তাগুলতে নজরদারী বাড়ানো এবং প্রয়োজনে পূজা মন্ডপে সিসিটিভি ক্যামরা লাগনোর বিষয় সিন্ধান্ত গ্রহন করা হয়েছে। এছাড়া পুলিশি নজরদারী রাখা হবে বলে জানান দর্শনা থানা অফিসার্স বিপ্লব কুমার সাহা।

এদিকে বাংলাদেশ জামায়ত ইসলামীর জেলা সেক্রেটারী আব্দুল কাদের জানান দর্শনা পৌর এলকায় তাদের দলের পক্ষ থেকে পূজা মুন্দিরগুলো

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

আজ বৃহস্পতিবার দুপুরে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে মেহেরপুরে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় কালে নবাগত পুলিশ মাকুসদা আকতার খানম, পিপিএম এসকল কথা বলেন।

পুলিশ সুপার মাকসুদা আকতার খানমের সভাপতিত্বে সাংবাদিকদের মধ্যে বক্তব্য দেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, বাংলাভিশন প্রতিনিধি তুহিন আরন্য, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, কালবেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফি, আমাদের অর্থনীতি প্রতিনিধি মাসুদ রানা, এখন টিভি প্রতিনিধি মুজাহিদ আল মুন্না, লাখোকণ্ট প্রতিনিধি রফিকুল ইসলাম বকুল, তৃতিয় মাত্রা প্রতিনিধি তোফায়েল আহমেদ ।

মতবিনিময় সভায় অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, সহকারী পুলিশ সুপার আব্দুল করিম উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় বৈষম্যবিরোধী আন্দোলনে হামলার মামলায় আওয়ামীলীগের তিন কর্মী গ্রেপ্তার

৪ আগস্ট আলমডাঙ্গায় ছাত্র-জনতার উপর হামলার মামলায় আওয়ামীলীগের তিন কর্মীকে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ বৃহস্পতিবার রাতে আলমডাঙ্গা থানাপুলিশ অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন- উপজেলার জেহালা ইউনিয়ন স্বেচ্ছাসেবকলীগের সভাপতি রহিদুল ইসলাম (৪৮), সাবেক ইউনিয়ন আওয়ামীলীগ নেতা ডা: জাহান আলী ও কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগ নেতা কাজল আলী (৩২)। তারা সকলে ৪ আগস্টে হামলার ঘটনায় দায়েরকৃত মামলার অজ্ঞাত নামা আসামী।

জানাগেছে, আলমডাঙ্গায় গত ৪ আগস্ট ছাত্র-জনতার উপর হামলা চালায় আওয়ামীলীগ ও তাঁর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। ওই ঘটনায় (১৬ আগস্ট) বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থী ওবাইদুল্লাহ বাদী হয়ে আলমডাঙ্গা থানায় আওয়ামীলীগের অঙ্গসংগঠনের ৪৭ জন নেতাকর্মীর নাম উল্লেখ করে অজ্ঞাত আরও ৬০/৭০ জনের বিরুদ্ধে মামলা দায়ের করেন। ওই মামলায় অজ্ঞাত নামা আসামী হিসেবে তাদের গ্রেপ্তার করেছে পুলিশ।

আলমডাঙ্গা থানার (ওসি) শেখ গণি মিয়া জানান, ৪ আগস্টে ছাত্র-জনতার উপর হামলার ঘটনায় দায়েরকৃত মামলাটি তদন্ত চলছে। তদন্তে ওই ঘটনার সাথে জড়িত থাকার সত্যতা পাওয়ায় তাদের আটক করা হয়। পরে ওই মামলায় তাদের জেল হাজতে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গায় জেলা ছাত্রলীগের সাবেক সভাপতিসহ ৭৭ জন নামে সদর থানায় মামলা

চুয়াডাঙ্গায় ৪ আগস্ট বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে নারী শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় মামলা হয়েছে। আজ বৃহস্পতিবার (৩ অক্টোবর) বিকেলে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থী হাসনা জাহান খুশবু বাদী হয়ে চুয়াডাঙ্গা সদর থানায় মামলাটি দায়ের করেন।

এ মামলায় চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মোহাইমেন হাসান জোয়ার্দ্দার অনিককে প্রধান আসামি করে ৭৭ জনের নাম উল্লেখ করা হয়েছে। এছাড়াও অজ্ঞাত আরও ১৪০-১৫০ জনকে আসামি করা হয়েছে।

মামলার এজাহারে অন্যতম আসামিদের মধ্যে রয়েছেন-চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মো. জানিফ, সাবেক সহ-সভাপতি শাহাবুল হক, চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক আহবায়ক ও সাবেক পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু, সাবেক পৌর কাউন্সিলর মাফিজুর রহমান মাফি, ছাত্রলীগ নেতা সোয়েন রিগান, ইমদাদুল হক আকাশ ও চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি

আফরোজা পারভিন।

মামলার এজাহার সূত্রে জানা যায়, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাথে একাত্মতা ঘোষণা করে গত ৪ আগস্ট চুয়াডাঙ্গায় আন্দোলনে নামে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা।

এসময় ছাত্রলীগের নেতা-কর্মীরা দেশীয় ধারালো অস্ত্র রাম দা, হাতকুড়াল, হকিস্টিক ও জিআই পাইপ দিয়ে শিক্ষার্থীদের ওপর হামলা চালায়। ওই সময় তাদের আঘাতে তিন নারী শিক্ষার্থী মারাত্মকভাবে জখম হন। পরে তারা ককটেল বিষ্ফোরণ করে চলে যায়। এ ঘটনার প্রায় দুই মাস পর চুয়াডাঙ্গা সদর থানায় মামলা দায়ের করলেন ভুক্তভোগী শিক্ষার্থী হাসনা জাহান খুশবু।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ সেকেন্দার আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, গত ৪ আগস্ট বৈষম্যবিরোধী আন্দোলনের সময় শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় একটি মামলা রেকর্ড হয়েছে। দ্রুতই আসামিদের গ্রেফতার করা হবে বলে তিনি জানান।

দর্শনায় ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সোলায়মান গ্রেফতার

দর্শনা থানা পুলিশ ঝটিকা অভিযান চালিয়ে এজাহার ভুক্ত আসামী ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সোলায়মানকে গ্রেফতার করেছে পুলিশ।

আজ বৃহস্পতিবার ভোরে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে, অভিযান চলায় দর্শনা পৌরসভার রামনগর গ্রামে।

এ সময় পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে দর্শনা পৌরসভার রামনগর গ্রামের ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি এজাহার ভুক্ত আসামি আফছার আলীর ছেলে সোলায়মানকে (৫২) গ্রেফতার করে।

উল্লেখ্য গত ২৬ আগষ্ট দর্শনা পরানপুর গ্রামের জহির উদ্দিনের ছেলে রবিউল ইসলাম রবি বাদি হয়ে দামুড়হুদা উপজেলা পরিষদের সাবেক

চেয়ারম্যান আলী মুনছুর বাবুসহ আওয়ামীলীগের ৬৯ জনের বিরুদ্ধে মামলা দায়ের করে। এ মামলায় এজাহার ভুক্ত আসামী সোলায়মানকে গ্রেফতার করে।

আজ বৃহস্পতিবার তাকে এ মামলায় চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

মুজিবনগরে চাঁদাবাজি মামলায় ছাত্রলীগের সাবেক সভাপতিসহ ৫ জন আটক

মুজিবনগরে চাঁদাবাজি মামলায় উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতিসহ ৫ জনকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

আজ বৃহস্পতিবার দিবাগত রাতে মুজিবনগর উপজেলার গোপালপুর গ্রামের রফিকুল ইসলামের ছেলে খোরশেদ আলমের দায়েরকৃত চাঁদাবাজি মামলায় আসামীদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের (সাবেক) সভাপতি মহাজনপুর গ্রামের আ:সাত্তারের ছেলে হেলাল উদ্দীন লাভলু, বিশ্বনাথপুর গ্রামের আইয়ুব আলী ছেলে আব্দুস সালাম, একই গ্রামের মৃত মকছেদ মন্ডলের ছেলে বাহালুল ইসলাম, দারিয়াপুর গ্রামের মৃত আমিন উদ্দিনের ছেলে জিয়ারুল ইসলাম এবং কোমরপুর গ্রামের আলিহিম মন্ডলের ছেলে আজিজুল হক ভটু।

ভুক্তভোগী খোরশেদ আলম ২৭ জনের নাম উল্লেখসহ আরো অজ্ঞাতনামা ২০-২৫ জনকে আসামি করে ২ তারিখ বুধবার দিবাগত রাতে মুজিবনগর থানায় মামলাটি দায়ের করেন।

মামলার অভিযোগ সূত্রে জানা গেছে, গোপালপুর গ্রামের খোরশেদ আলমের বামনপাড়া বাজারে রফিক কার ওয়াশ ও ভলকানাইজিং ওয়ার্কসপ ছিল। টাকার প্রয়োজনে ওয়ার্কসপটি গত এপ্রিল মাসের ২৫ তারিখে খোরশেদ আলম বামন পাড়া গ্রামের মৃত মোকসেদ মির এর ছেলে মারুর

নিকট ১৮ লাখ টাকায় বিক্রি করে। এই বিষয়টি আসামিগণ জানতে পেরে গত এপ্রিল মাসে ৩০ তারিখ আনুমাসিক রাত আটটার দিকে মামলায় উল্লেখিত আসামিগণ সহ আরো ২০-২৫ জন অজ্ঞাতনামা লোক বিভিন্ন দেশিও অস্ত্র ও অবৈধ আগ্নেয় অস্ত্র সহ খোরশেদ আলমের বাড়িতে ঢুকে তাকে ঘিরেধরে হত্যার হুমকি দিয়ে ১০ লক্ষ টাকা চাঁদা দাবি করে। চাঁদা না দিলে তাকে প্রাণে মেরে ফেলার হুমকি প্রদান করে। প্রাণ ভয়ে খরশেদ আলম ঘরে থাকা ৫ লক্ষ টাকা আসামিদের দিয়ে দেয়। ৫ লক্ষ্য টাকা পেয়ে আসামিগণ এক সপ্তাহের মধ্যে বাকি ৫ লক্ষ টাকা পরিশোধ না করলে তাকে খুন করা হবে বলে হুমকি প্রদান করে চলে আসে। সেই সময় ঘটনার বিষয়ে খোরশেদ আলম মুজিবনগর থানায় এটি অভিযোগ দায়ের করতে গেলে থানা কর্তৃপক্ষ অজ্ঞাত কারণে অভিযোগটি গ্রহণ করেনি। একথা জানতে পেরে পুনরায় আসামিগণ খোরশেদ আলম কে হত্যার হুমকি দিলে তিনি প্রান ভয়ে আদালতেও মামলা করেনি। বর্তমানে রাজনৈতিক পট পরিবর্তন হওয়ার কারণে ন্যায় বিচার পাওয়ার সুযোগ সৃষ্টি হওয়ায় তিনি এই মামলা দায়ের করেন বলে তিনি প্রতিবেদক কে জানান।

এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল আলম জানান, খোরশেদ আলমের দায়েরকিত মামলায় অভিযান চালিয়ে এজাহার ভুক্ত আসামীদের গ্রেফতার করে কোর্টে প্রেরণ করা হয়েছে। অন্য আসামিদের গ্রেফতার করতে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

চার ব্যবসায়ীকে ২০ লাখ টাকা জরিমানা, বিভিন্ন মেয়াদে সাজা

মেহেরপুরে ভেজাল গুড় বিক্রির অভিযোগে চার গুড় ব্যবসায়ীকে বিভিন্ন মেয়াদে সাজা ও জরিমানা করেছে বিশুদ্ধ খাদ্য আদালত।

আজ বুধবার (২ অক্টোবর) বিকালের দিকে মেহেরপুর সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ও বিশুদ্ধ খাদ্য আদালতের বিচারক বেগম শারমিন নাহার এই রায় দেন।

এরা হলেন, গাংনী উপজেলার বামন্দী বাজার এলাকার আবু বক্করের ছেলে ও মের্সাস ভাই ভাই এন্টারপ্রাইজের স্বত্বাধিকার হাবিবুর রহমান,

আলিমুদ্দিনের ছেলে আবু বক্কর, গাংনী উপজেলার রামনগর গ্রামের আবু মণ্ডলের ছেলে দুলাল হোসেন ও কুষ্টিয়ার দৌলতপুর উপজেলা দৌলতখালী গ্রামের হেরেজ মন্ডলের ছেলে জিয়াউর রহমান জিয়া।

আদালত সূত্রে জানা গেছে, চলতি বছরের ১৮ জানুয়ারি গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর সদর উপজেলা স্যানেটারি ইন্সপেক্টর তারিকুল ইসলামের নেতৃত্বে মেহেরপুর শহরের ওয়াবদা সড়কে ও শহরের স্টেডিয়ামপাড়া এলাকার গুড়ের আড়তে পৃথক অভিযান চালিয়ে উৎপাদনের তারিখ ও মেয়াদবিহীন ৪০ টিন গুড জব্দ করেন। পরে এ ঘটনায় ওই সময়ে বিশুদ্ধ খাদ্য আইনে একটি মামলা দায়ের করা হয়, এবং জব্দকৃত গুড় রাসায়নিক পরীক্ষার জন্য ঢাকায় পাঠানো হয়।ঢাকাতে পরীক্ষা নিরীক্ষা পর ওই গুড়ে ভেজাল প্রমাণিত হয়েছে।

এঘটনায় বিজ্ঞ আদালত বিশুদ্ধ খাদ্য আইন ২০১৩ এর ৩/৪ এর ২৬ ধারায় দোষ স্বীকার করায় গুড় ব্যবসায়ী আবু বক্করকে ১ বছর কারাদণ্ড এবং ৩ লক্ষ টাকা জরিমানা, অনাদায় আরো ১ বছরের কারাদণ্ড ও একই আইনের ৪১ ধারায় ১ লক্ষ টাকা জরিমানা, অনাদায়ে আরও ৬ মাসের জেল, হাবিবুর রহমানকে ২/২৪ এর ২৬ ধারায় ১ বছরের জেল, ৩ লক্ষ টাকা জরিমানা, অনাদায় আরো ১ বছরের জেল ও ৪১ ধারায় ১ লক্ষ টাকা জরিমানা, অনাদায় আরো ৬ মাসের জেল, আবু বক্করকে ৩ লক্ষ টাকা জরিমান, অনাদায়ে ১ বছরের জেল ও ৪১ ধারায় ১ লক্ষ টাকা জরিমানা, অনাদাযে আরো ৬ মাসের জেল এবং দুলালকে ৩ লক্ষ টাকা জরিমানা, অনাদায়ে ১ বছরে জেল ও ৪১ ধারায় ১ লক্ষ টাকা জরিমানা ৬ মাসের জেল দেওয়া হয়।

এছাড়া অপর আসামি জিয়াউর রহমান জিয়াকে একই আইনের ২৬ ধারায় ৩ লক্ষ টাকা জরিমান, অনাদায়ে ১ বছরের জেল ও ৪৩ ধারায় ১ লক্ষ টাকা জরিমানা অনাদায়ে ৬ মাসে জেল দেওয়া হয়েছে।
এসময় মেহেরপুর সদর উপজেলা স্যানেটারী অফিসার তরিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

দর্শনার অবৈধভাবে বালু

উত্তোলনকারায় জমির মালিককে জরিমানা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার নাস্তিপুর গ্রামের ডেঙ্গা পাড়ার মাঠে অবৈধভাবে বালু ও মাটি উত্তোলনের কারণে জমির মালিক জহুরুল ইসলামকে জরিমানা করা হয়েছে।

আজ বুধবার বেলা ১২ টার দিকে অভিযোগ পেয়ে ছুঁটে যান দামুড়হুদা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও দর্শনা পৌর প্রশাসক কে এইচ তাসফিকুর রহমান।

তিনি সরেজমিনে গিয়ে দেখতে পান জমির মালিক জহুরুল ইসলাম প্রায় ১০ ফুট গভীর করে বালু ও মাটি উত্তোলন করছে। যার কারণে আশে পাশের কৃষি জমির ব্যাপক ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে। এজন্য তিনি জমির মালিককে বালু ও মাটি উত্তোলন না করার জন্য ১৮৬০ ধারায় সতর্ক করে ৫ হাজার টাকা জরিমানা আদায় করেন। এবং জমির মালিককে মুছলেকা নেন তিনি ভবিষ্যতে এ ধরনের কাজ আর কখনোই করবেন না বলে তিনি জানান।

জমির মালিককে আরও বলেন, ভবিষ্যতে যদি আপনি এই কাজ করেন তাহলে আপনার বিরুদ্ধে আমরা কঠোর ব্যবস্থা নেওয়া হবে। উক্ত মাঠের আশে পাশের জমির মালিকরা অভিযোগ করেন জমির মালিক জহুরুল ইসলাম কে আমরা বেশ কয়েকবার মানা করেছি গভীর ভাবে বালু ও মাটি উত্তোলন না করার জন্য। এভাবে বালু ও মাটি উত্তোলনের কারণে আমাদের কৃষি জমির অনেক ক্ষতি হবে। কিন্তু তিনি আমাদের কথায় কর্ণপাত না করে মাটি কাটতে থাকে।